

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
www.cabinet.gov.bd

নং- ০৪.৪২৩.০২২.০২.০১.০০৩.২০১০-১০৮

০৩ শ্রাবণ, ১৪১৭
তারিখঃ-----
১৮ আগস্ট, ২০১০


পরিপত্র

বিষয় : Rules of Business, 1996 অনুযায়ী পররাষ্ট্র মন্ত্রণালয় সম্পর্কিত ইস্যুসমূহ যথাযথভাবে অনুসরণ প্রসঙ্গে।

সরকারি কার্যাবলী বন্টন ও পরিচালনার জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ৫৫(৬) এ প্রদত্ত ক্ষমতাবলে Rules of Business, 1996 প্রণীত হয়েছে। পররাষ্ট্র সম্পর্কে প্রভাবিত করে এমন সকল বিষয় নিষ্পত্তির ক্ষেত্রে Rules of Business, 1996 এর rule-15 এ পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাথে পরামর্শ করার বিধান রয়েছে; এছাড়া বিদেশী সরকার, দূতাবাস ও আন্তর্জাতিক সংস্থার সাথে যোগাযোগের পদ্ধতি সম্পর্কে বর্ণিত বিধিমালার rule-29 এ সুস্পষ্টভাবে উল্লেখ রয়েছে। একই বিধিমালার Schedule IV এ যে সকল বিষয় পররাষ্ট্র মন্ত্রণালয় হতে মাননীয় প্রধানমন্ত্রী এবং মহামান্য রাষ্ট্রপতির অনুমোদনের জন্য পেশ করতে হবে, তাও নির্ধারিত আছে। Allocation of Business among the Different Ministries and Division (Schedule I of the Rules of Business, 1996) এর ক্রমিক 21 এ MINISTRY OF FOREIGN AFFAIRS শিরোনামের অধীনে পররাষ্ট্র মন্ত্রণালয়ের কার্যবন্টন সুনির্দিষ্ট। তাসত্ত্বেও, কোন কোন মন্ত্রণালয়/বিভাগ Rules of Business, 1996 এ বর্ণিত বিধানাবলীর ব্যত্যয় ঘটিয়ে পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাথে সম্পর্কিত ইস্যুসমূহ পরিচালনা/নিষ্পত্তি করছে যা অনভিপ্রেত এবং Rules of Business এর পরিপন্থী।

২। সরকারের কার্যপরিচালনা পদ্ধতি সঠিকভাবে অনুসরণ করে প্রশাসনিক শৃঙ্খলা ও গতিশীলতা অব্যাহত রাখার স্বার্থে বিধি নির্ধারিত পদ্ধতিতে মন্ত্রণালয়/বিভাগ কার্যকর ব্যবস্থা গ্রহণ করবে এটাই সরকারের কাম্য।

৩। এমতাবস্থায়, পররাষ্ট্র মন্ত্রণালয় সম্পর্কিত ইস্যুসমূহ প্রক্রিয়াকরণে Rules of Business, 1996 এর rule-15, rule-29, Schedule IV এবং Allocation of Business among the Different Ministries and Division (Schedule I of the Rules of Business, 1996) যথাযথ অনুসরণ করার জন্য সকল মন্ত্রণালয়/বিভাগকে অনুরোধ করা হলো।


মোঃ মঈন উদ্দিন
যুগ্ম-সচিব

বিতরণঃ

- ১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ২। সচিব/ভারপ্রাপ্ত সচিব (সকল)।
- ৩। মাননীয় প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ৪। মাননীয় মন্ত্রী/উপদেষ্টা/প্রতিমন্ত্রীগণের একান্ত সচিব।
- ৫। মন্ত্রিপরিষদ বিভাগের সকল কর্মকর্তা।